# 2020

## FINANCIAL MANAGEMENT — GENERAL

**Ninth Paper**

**Group : (A-33-G)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

### বিভাগ - ক

***যে-কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ৫×৪

১। (ক) "সময়সাপেক্ষে অর্থের মূল্য" বলতে কী বোঝো?

(খ) "বার্ষিকী" কী?

*অথবা*

"কার্যকর সুদের হার" কী?

(গ) "ঋণাত্মক কার্যকর মূলধন" বলতে কী বোঝো?

*অথবা*

"ঋতুগত কার্যকর মূলধন" কী?

(ঘ) "কার্যকর মূলধন চক্র" কী?

(ঙ) মূলধনী ব্যয় সংক্রান্ত সিদ্ধান্তের দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

*অথবা*

হিসাবভিত্তিক প্রতিদানের হার পদ্ধতি (ARR) অনুযায়ী পরস্পর বিচ্ছিন্ন প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্পের গ্রহণ-বর্জন সংক্রান্ত সিদ্ধান্ত তুমি কীভাবে নেবে?

(চ) পুনরুদ্ধারকাল (Payback Period) পদ্ধতির দুটি সুবিধা উল্লেখ করো।

(ছ) "অভ্যন্তরীণ প্রতিদানের হার" বলতে কী বোঝো?

(জ) "মূলধন র‍্যাশনিং" কী?

*অথবা*

'নিট বর্তমান মূল্য' (NPV) পদ্ধতি এবং 'অভ্যন্তরীণ প্রতিদানের হার' (IRR) পদ্ধতির মধ্যে দুটি পার্থক্য উল্লেখ করো।

(ঝ) "লভ্যাংশ" কী?

(ঞ) গর্ডনের মডেলের দুটি অনুমান উল্লেখ করো।

*অথবা*

"চূড়ান্ত লভ্যাংশ" কী?

## বিভাগ - খ

***যে-কোনো দুটি*** প্রশ্নের উত্তর দাও ১০×২

২। শ্রীযুক্ত পি. কে. দাস প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম বছরের শেষে যথাক্রমে 4,000 টাকা, 6,000 টাকা, 3,000 টাকা, 2,000 টাকা এবং 5,000 টাকা জমা করেন। ওই জমাকৃত অর্থ থেকে তিনি বছরে 8% চক্রবৃদ্ধি সুদ পান। পঞ্চম বছরের শেষে তাঁর জমাকৃত অর্থের মূল্য নির্ণয় করো।

$FVIF_{8,1} = 1.08$, $FVIF_{8,2} = 1.166$, $FVIF_{8,3} = 1.260$, $FVIF_{8,4} = 1.360$ ১০

*অথবা*

টীকা লেখো—

(ক) বোনাস শেয়ার

(খ) ঋণপত্র ৫+৫

৩। (ক) "মোট/স্থূল কার্যকর মূলধন" কী?

(খ) "স্থায়ী/স্থির কার্যকর মূলধন" বলতে কী বোঝো? ৪+৬

*অথবা*

নিম্নলিখিত তথ্য থেকে কার্যনির্বাহ আবর্তকাল নির্ণয় করো ঃ ১০

| বিষয় | অর্থের পরিমাণ (টাকায়) |
|---|---|
| কাঁচামালের গড় মজুত | 75,000 |
| অর্ধসমাপ্ত পণ্যের (WIP) গড় মজুত | 54,000 |
| সমাপ্ত পণ্যের গড় মজুত | 70,000 |
| গড় দেনাদার | 75,000 |
| গড় পাওনাদার | 60,000 |
| ব্যবহৃত কাঁচামালের ব্যয় (Raw Materials Consumed) | 4,50,000 |
| উৎপাদন ব্যয় | 5,40,000 |
| বিক্রীত পণ্যের পড়তা (Cost of goods sold) | 7,20,000 |
| বার্ষিক ধারে বিক্রয় | 9,00,000 |
| বার্ষিক ধারে ক্রয় | 4,80,000 |

৪। একটি প্রকল্পের জন্য 5,00,000 টাকার একটি যন্ত্র প্রয়োজন। যন্ত্রটির আনুমানিক কার্যকর আয়ুষ্কাল 5 বছর এবং 5 বছর পরে যন্ত্রটির ভগ্নাবশেষ মূল্য (Scrap Value) 1,00,000 টাকা। প্রকল্পটি থেকে পরবর্তী 5 বছরের সম্ভাব্য মুনাফা (অবচয় এবং কর-সহ) হলো যথাক্রমে 75,000 টাকা, 1,75,000 টাকা, 2,00,000 টাকা, 2,00,000 টাকা এবং 50,000 টাকা। করের হার 50% এবং অবচয়ের পদ্ধতি 'স্থির কিস্তি পদ্ধতি' হলে প্রকল্পটির হিসাবভিত্তিক প্রতিদানের হার (ARR) নির্ণয় করো। ১০

৫। (ক) 'অভ্যন্তরীণ প্রতিদানের হার' (IRR) পদ্ধতির দুটি সুবিধা উল্লেখ করো।

(খ) 'বাট্টাকৃত পুনরুদ্ধারকাল' (DPBP) পদ্ধতির দুটি অসুবিধা উল্লেখ করো।

(গ) 'মুনাফাযোগ্যতা সূচক' (P. I.) পদ্ধতি কী? ৪+৩+৩

৬। (ক) 'অন্তর্বর্তীকালীন লভ্যাংশ" বলতে কী বোঝো?

(খ) লভ্যাংশ সম্পর্কিত মডিগ্লিয়ানি-মিলার (MM) মডেলটির চারটি অনুমান উল্লেখ করো। ৪+৬

*অথবা*

নিম্নলিখিত তথ্য থেকে ওয়াল্টার (Walter)-এর মডেল অনুযায়ী একটি শেয়ারের বাজার মূল্য নির্ধারণ করো ঃ
শেয়ার-প্রতি লভ্যাংশ (DPS) ঃ 4 টাকা, শেয়ার-প্রতি আয় (EPS) ঃ 5 টাকা, অভ্যন্তরীণ প্রতিদানের হার ঃ 10% এবং মূলধনের ব্যয় ঃ 8% । ১০

## বিভাগ - গ

***যে-কোনো দুইটি*** প্রশ্নের উত্তর দাও ৩০×২

৭। (ক) একটি প্রতিষ্ঠানের/ফার্মের মুনাফা সর্বাধিকীকরণ এবং সম্পদ সর্বাধিকীকরণ উদ্দেশ্যের মধ্যে চারটি পার্থক্য উল্লেখ করো।

(খ) মুখ্য আর্থিক আধিকারিকের ভূমিকা বর্ণনা করো। ১২+১৮

৮। (ক) নিম্নলিখিত তথ্য থেকে অবন্টিত আয় সংক্রান্ত ব্যয় (Cost of retained earnings) নির্ণয় করো ঃ
ইক্যুইটি শেয়ারগ্রহীতাদের প্রাপ্য প্রতিদান = 10%, করের হার = 30%, দালালি 2%।

(খ) একটি কোম্পানির শেয়ারের বর্তমান বাজার মূল্য ২০ টাকা। কোম্পানিটি শেয়ার-প্রতি 2 টাকা লভ্যাংশ প্রদান করে। বিনিয়োগকারীরা প্রত্যাশা করেন যে লভ্যাংশের হার প্রতি বছর 5% বৃদ্ধি পাবে। কোম্পানিটির ইক্যুইটি শেয়ার মূলধনের ব্যয় (Cost of equity share capital) নির্ণয় করো।

(গ) কর প্রদানের পরবর্তী মূলধনের ভারযুক্ত গড় ব্যয় ব্যবহারের যৌক্তিকতা কী? ১২+১২+৬

*অথবা*

যে-কোনো ***দুটি বিষয়ের*** উপর টীকা লেখো ঃ

(অ) মূলধনের উৎস হিসাবে মুনাফার পুনর্বিনিয়োগ

(আ) 'জন-আমানত' (Public Deposit)-এর সুবিধাসমূহ

(ই) আর্থিক ইজারা এবং কার্যগত/কার্যনির্বাহী ইজারা-র মধ্যে পার্থক্য

(ঈ) রোক/নগদ ঋণ (Cash credit)। ১৫+১৫

**Please Turn Over**

৯। (ক) নিম্নলিখিত তথ্য থেকে কার্যনির্বাহী লিভারেজ নির্ণয় করো ঃ
বিক্রয় = 50,000 টাকা, পরিবর্তনশীল ব্যয় = বিক্রয়ের 60%, স্থির ব্যয় = 12,000 টাকা।

(খ) DCL (সংযুক্ত/সামগ্রিক লিভারেজের মাত্রা) = 2.5, DOL (কার্যনির্বাহী লিভারেজের মাত্রা) = 1.25, DFL (আর্থিক লিভারেজের মাত্রা) নির্ণয় করো।

(গ) "কাম্য মূলধন কাঠামো" বলতে কী বোঝো?

(ঘ) মূলধন কাঠামোর নিট আয় পদ্ধতির দুটি অনুমান উল্লেখ করো। ১২+৬+৬+৬

১০। টীকা লেখো ঃ

(ক) চলতি সম্পত্তির জন্য অর্থসংস্থান সংক্রান্ত খাপ খাওয়ানো নীতি

(খ) চলতি সম্পত্তির জন্য অর্থসংস্থান সংক্রান্ত আগ্রাসী নীতি ১৫+১৫

*অথবা*

(ক) ব্যাঙ্কিং প্রতিষ্ঠানে অর্থসংস্থানের ক্ষেত্রে ট্যান্ডন কমিটির সুপারিশগুলি উল্লেখ করো।

(খ) EOQ কী?

(গ) VED বিশ্লেষণ কী? ১৫+৬+৯

১১। (ক) "আর্থিক নিয়ন্ত্রণ" ধারণাটি ব্যাখ্যা করো।

(খ) আর্থিক নিয়ন্ত্রণ ব্যবস্থার সুবিধাসমূহ এবং অসুবিধাসমূহ/সীমাবদ্ধতাসমূহ উল্লেখ করো। ৬+১২+১২

*অথবা*

টীকা লেখো ঃ

(ক) আর্থিক নিয়ন্ত্রণের হাতিয়ার হিসাবে "অনুপাত বিশ্লেষণ"-এর সুবিধাসমূহ

(খ) "বাজেটীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা" এবং এর ধাপ/পদক্ষেপসমূহ ১৫+১৫

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

### Group - A

Answer ***any four*** questions 5×4

**1.** (a) What do you mean by "Time Value of Money"?

(b) What is "Annuity"?

***Or***

What is "Effective rate of interest?

(c) What do you mean by "Negative Working Capital"?

***Or***

What is "Seasonal Working Capital"?

(d) What is "Working Capital Cycle"?

(e) State two objectives of capital expenditure decisions.

***Or***

How will you take accept-reject decision under 'Accounting Rate of Return (ARR)' method in case of mutually exclusive projects?

(f) Mention two advantages of Pay Back Period (PBP) method.

(g) What do you mean by "Internal Rate of Return"?

(h) What is "Capital Rationing"?

***Or***

State two points of difference between 'Net Present Value' (NPV) method and 'Internal Rate of Return' method.

(i) What is "Dividend"?

(j) State two assumptions of Gordon's Model.

***Or***

What is "Final Dividend"?

### Group - B

Answer ***any two*** questions 10×2

**2.** Mr. P. K. Das deposits ₹ 4,000, ₹ 6,000, ₹ 3,000, ₹ 2,000 and ₹ 5,000 at the end of 1st, 2nd, 3rd, 4th and 5th year respectively. The deposit earns a compound interest of 8% p.a. Calculate the future value of the deposit at the end of 5th year.

Given $FVIF_{8,1} = 1.08$, $FVIF_{8,2} = 1.166$, $FVIF_{8,3} = 1.260$, $FVIF_{8,4} = 1.360$. 10

***Or***

Write short notes :

(a) Bonus Share

(b) Debentures 5+5

**3.** (a) What is "Gross Working Capital"?

(b) What do you mean by "Permanent Working Capital"? 4+6

***Or***

From the following particulars, compute the duration of the Operating Cycle : 10

| **Particulars** | **Amount (₹)** |
|---|---|
| Average Stock of Raw Materials | 75,000 |
| Average Stock of Work-in-Progress (WIP) | 54,000 |
| Average Stock of Finished Goods | 70,000 |
| Average Debtors | 75,000 |
| Average Creditors | 60,000 |
| Raw Materials Consumed | 4,50,000 |
| Cost of Production | 5,40,000 |
| Cost of Goods Sold | 7,20,000 |
| Annual Credit Sales | 9,00,000 |
| Annual Credit Purchases | 4,80,000 |

**4.** A project requires a machine costing ₹ 5,00,000. The estimated working life of the machine is 5 years and its scrap value will be ₹ 1,00,000 after 5 years. The expected annual profits including depreciation and taxes from the project for the next 5 years are ₹ 75,000, ₹ 1,75,000, ₹ 2,00,000, ₹ 2,00,000 and ₹ 50,000 respectively. If the tax rate is 50% and depreciation is charged under fixed instalment method calculate the Accounting Rate of Return (ARR) of the project. 10

**5.** (a) State two advantages of 'Internal Rate of Return' (IRR) method.

(b) Mention two disadvantages of 'Discounted Payback Period' (DPBP) method.

(c) What is "Profitability Index (P.I.)" method? 4+3+3

**6.** (a) What do you mean by "Interim Dividend"?

(b) State four assumptions of Modigliani-Miller (MM) model of Dividend. 4+6

***Or***

Calculate the prevailing market price of a share using Walter's Model from the following information: Dividend per share : ₹ 4, Earnings per share : ₹ 5, Internal rate of return : 10% and Cost of capital : 8%. 10

## Group - C

Answer ***any two*** questions 30×2

**7.** (a) State four points of difference between profit maximization objective and value maximization objective of a firm.

(b) Explain the role of Chief Financial Officer. 12+18

**8.** (a) From the following particulars, compute the cost of retained earnings :

Return available to equity shareholders = 10%, Tax Rate = 30% and Brokerage = 2%.

(b) A company's share is currenty quoted in the market at ₹ 20. The company pays a dividend of ₹ 2 per share and the investors expect a growth rate of 5% per year. Calculate cost of equity share capital of the company.

(c) What is the rationale behind the use of after-tax weighted average cost of capital? 12+12+6

***Or***

Write short notes on ***any two*** :

(a) Ploughing back of profit as a source of financing

(b) Advantages of "Public Deposit"

(c) Differences between financial lease and operating lease

(d) Cash credit 15+15

**9.** (a) Find operating leverage from the following particulars :

Sales = ₹ 50,000, Variable Cost = 60% of sales, Fixed Cost = ₹ 12,000

(b) DCL (Degree of Combined Leverage) = 2.5, DOL (Degree of Operating Leverage) = 1.25. Compute DFL (Degree of Financial Leverage).

(c) What do you mean by "Optimum Capital Structure"?

(d) State two assumptions of Net Income Approach of Capital Structure Theory. 12+6+6+6

**10.** Write short notes on :

(a) Matching Policy of financing current assets

(b) Aggressive Policy of financing current assets 15+15

***Or***

(a) State the recommendations of the Tandon Committee with regard to bank financing.

(b) What is EOQ?

(c) What is VED Analysis? 15+6+9

**11.** (a) Explain the concept of "Financial Control".

(b) Mention the advantages and limitations of financial control system. 6+12+12

***Or***

Write short notes on :

(a) Advantages of "Ratio Analysis" as a tool of financial control

(b) "Budgetary Control System" and its steps. 15+15